



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd/Fax-8189029

স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩- ১৭৯০


তারিখঃ ১৬/০৫/২০১৬ খ্রিস্টাব্দ।

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
উপজেলাঃ -----,
জেলাঃ -----।

বিষয়ঃ সমিতি পর্যায়ে সাপ্তাহিক আদায় শীট সংরক্ষণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাবীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা” প্রকল্পের সকল কার্যক্রম মাইক্রো-ফাইন্যান্স এমআইএস সফটওয়্যারের মাধ্যমে বাস্তবায়িত হচ্ছে। সফটওয়্যার হতে প্রিন্টেড আদায় শীটের মাধ্যমে প্রতি সপ্তাহে নিয়মিত ভাবে সমিতির সদস্যদের নিকট হতে সঞ্চয় ও ঋণের অর্থ আদায় কার্যক্রম অব্যাহত আছে। সদস্যদের দৈনন্দিন লেনদেনের তথ্য সংরক্ষণসহ উহার স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে প্রত্যেক সমিতিতে প্রতি মাসের আদায় শীটের (Without Data দিয়ে) অনুলিপি থাকা আবশ্যিক। প্রতিটি মহিলা সমিতিতে প্রতি মাসের শুরুতে (Without Data দিয়ে) আদায় শীটের কপি সংরক্ষণ করা হলে সদস্যগণ সহজেই তাদের আর্থিক লেনদেনের হিসাব সম্পর্কে অবহিত হতে পারবেন। ইহাতে একদিকে প্রকল্পের আর্থিক কার্যক্রমের প্রতি সদস্যদের আস্থা বৃদ্ধি পাবে অন্যদিকে দৈনন্দিন আর্থিক কার্যক্রমে অনাকাঙ্ক্ষিত অনিয়ম প্রতিরোধ করা সহজ হবে।

এমতাবস্থায়, প্রতি মাসের ১ম দিনে প্রত্যেকটি সমিতির আদায় শীটের (Without Data দিয়ে) প্রিন্টেড কপি সংশ্লিষ্ট মাঠ সংগঠক, এআরডিও ও ইউআরডিও স্বাক্ষর পূর্বক সংশ্লিষ্ট সমিতিতে সংরক্ষণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হল।


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।
ফোন নং-০২-৮১৮০১৪৪

সদয় অবগতি জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। উপপরিচালক, বিআরডিবি, -----জেলা।
- ২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ৩। পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
- ৪। প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৫। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলাঃ -----, জেলাঃ -----।
- ৬। অফিস কপি।